গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

# মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার তারিখ ও সময়ঃ ২৬ জানুয়ারি, ২০১৬; সকাল ১০.৩০ ঘটিকা

স্থানঃ এনইসি সম্মেলন কক্ষ

সভাপতিঃ মোহাম্মদ সফিকুল আজম, সচিব
পরিকল্পনা বিভাগ।

১.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়)বিগত ০৯/১২/২০১৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীর কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। অতঃপর কার্যপত্র অনুসারে পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগ এবং পরিকল্পনা বিভাগের অধীন ২টি সংস্থার (NAPD এবং BIDS) সাথে স্বাক্ষরিত সমঝোতার স্মারক, ২০১৫-১৬ এর ডিসেম্বর/২০১৫ সময় পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি এবং বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ স্বাক্ষরিত সমঝোতা স্মারক, ২০১৫-১৬ এর ডিসেম্বর/২০১৫ সময় পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত আলোচনাঃ

৩.১ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| জাতীয় পরিকল্পনার আলোকে ডিপিপি যাচাই-বাছাইকরণ | যাচাই-বাছাইকৃত প্রকল্প দলিল | ১২৭ টি | ১১৯টি (৯৪%) | সন্তোষজনক |
| পিইসি/এসপিইসি সভার জন্য কার্যপত্র প্রস্তুতকরণ | পিইসি/এসপিইসি সভার জন্য প্রস্তুতকৃত কার্যপত্র | ৯৫ টি | ৯৮টি (১০৩%) | সন্তোষজনক |
| প্রকল্পের প্রস্তাবের ওপর পিইসি/এসপিইসি সভা অনুষ্ঠান এবং কার্যবিবরণী জারিকরণ | পিইসি/এসপিইসি সভা অনুষ্ঠান এবং জারিকৃত কার্যবিবরণী | ৯৫ টি | ৯৮টি (১০৩%) | সন্তোষজনক |
| একনেক/পরিকল্পনা মন্ত্রীর জন্য প্রকল্প অনুমোদনের নিমিত্ত সার-সংক্ষেপ প্রস্তুতকরণ | প্রকল্পের প্রস্তুতকৃত সার-সংক্ষেপ | ৬৫ টি | ৭৪টি (১১৩%) | সন্তোষজনক |
| বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ হতে প্রেরিত প্রকল্পসমূহের বরাদ্দ ও উপযোজন প্রস্তাব যাচাই-বাছাইকরণ ও কার্যক্রম বিভাগে প্রেরণ। | যাচাই-বাছাইকৃত বরাদ্দ প্রস্তাব | ১০ দিন | নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করা হয়েছে। | সন্তোষজনক |
| কার্যক্রম বিভাগে এডিপি/আরএডিপির ১ম কলনোটিশ প্রেরণ | কার্যক্রম বিভাগে প্রেরিত ১ম কলনোটিশ | ১০ দিন | নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করা হয়েছে। | সন্তোষজনক |
| কার্যক্রম বিভাগে এডিপি/আরএডিপির ২য় কলনোটিশ প্রেরণ | কার্যক্রম বিভাগে প্রেরিত ২য় কলনোটিশ | ০৭ দিন | - | |
| মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন সভায় অংশগ্রহণ (সিসিজিপি, বাজেট মিটিং, এডিপি পর্যালোচনা, পিএসসি, পিআইসি, ডিপিইসি, ডিএসপিইসি) | অংশগ্রহণকৃত সভা | ২৭২ টি | ২১৭টি (৮০%) | সন্তোষজনক |
| মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত বিভিন্ন বিষয়ের ওপর মতামত প্রদান (ঋণ চুক্তিসহ) | মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন বিষয়ের ওপর প্রদত্ত মতামত | ৩৫ টি | ৩৮টি (১০৮%) | সন্তোষজনক |
| জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পরে বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | সংসদে প্রশ্নোত্তর প্রেরণ | ০৩ দিন | নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করা হয়েছে। | সন্তোষজনক |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| যুগ্ম-সচিব (প্রশাসন) বলেন যে, সমঝোতা স্মারক মোতাবেক কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। তবে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের প্রতি দৃষ্টি দিতে হবে। এ বিভাগ হতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর অন্তর্গত অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট মনোনীত করা হয়নি। সভাপতি এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের প্রতিনিধিকে অনুরোধ করেন। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের প্রতি দৃষ্টি দিতে হবে। | কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ পরিকল্পনা কমিশন, ঢাকা। |

৩.২ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী শিল্প ও শক্তি বিভাগের (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদনের জন্য উপস্থাপন | প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | ৯৫% | ৯২% (৪১টি) | |
| | প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান | ৫০টি | ৩৫টি | সন্তোষজনক |
| | অনুমোদনের জন্য উপস্থাপিত প্রকল্প | ৫০টি | ২৩টি | |
| পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি/এডিপি পর্যালোচনা সভায় যোগদান | অংশগ্রহণকৃত সভা | ১২০টি | ১১৮টি | |
| প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ | এডিপি প্রস্তাব প্রেরণ | ০৬ দিন | -- | এ প্রান্তিকে সম্পাদিত হয়নি। |
| | আরএডিপি প্রস্তাব প্রেরণ | ০৮ দিন | ০৮ দিন | |
| প্রকল্প পরিদর্শন | পরিদর্শনকৃত প্রকল্প | ৪০টি | ১৬টি | প্রকল্প পরিদর্শন কার্যক্রম বৃদ্ধি করা প্রয়োজন |
| ক্রয়প্রস্তাব ও ঋণচুক্তি সহ অন্যান্য বিষয়ে মতামত প্রদান | মতামত প্রদানের সংখ্যা | ১৫টি | ২৫টি | সন্তোষজনক |
| জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | সংসদে প্রশ্নোত্তর প্রেরণ | ০৫ দিন | ০৫ দিন | সন্তোষজনক |
| | জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণ/বাজেট বক্তৃতা/অর্থনৈতিক সমীক্ষা প্রতিবেদনের হালনাগাদ তথ্যাদি প্রেরণ | ০৮ দিন | -- | এ প্রান্তিকে সম্পাদিত হয়নি। |
| | পঞ্চবার্ষিক পরিকল্পনা/এডিজি এর জন্য তথ্যাদি প্রেরণ। | ০৮ দিন | -- | এ প্রান্তিকে সম্পাদিত হয়নি। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) শিল্প ও শক্তি বিভাগঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| যুগ্ম-সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, শিল্প ও শক্তি বিভাগের প্রকল্প প্রক্রিয়াকরণের বাস্তবায়ন অগ্রগতিতে ১২০% দেখানো হয়েছে। এ বিষয়ে তিনি শিল্প ও শক্তি বিভাগের উপস্থিত প্রতিনিধির দৃষ্টি আকর্ষণ করেন। শিল্প ও শক্তি বিভাগের যুগ্ম-প্রধান বেগম কামরুন নাহার বলেন যে, এখানে যে তথ্য প্রেরণ করা হয়েছে তা এডিপি –এর উপর ভিত্তি করে। এডিপিতে শিল্প ও শক্তি বিভাগের ৬৭টি প্রকল্প রয়েছে। সে মোতাবেক ৪১টি প্রকল্প প্রক্রিয়াকরণ সম্পন্ন হয়েছে। ফলে তা শতকরা হারে ১২০% হয়েছে। যুগ্মসচিব (প্রশাসন) বলেন সমঝোতা স্মারক অনুযায়ী যেসকল প্রকল্প শিল্প ও শক্তি বিভাগে প্রাপ্ত হয়েছে তার মধ্যে কতগুলো প্রকল্প প্রক্রিয়াকরণ করা হয়েছে ঐ তথ্য দিতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং প্রকল্পের মোট প্রাপ্ত ডিপিপির উপর কতগুলো প্রক্রিয়াকরণ হয়েছে তার শতকরা হার উল্লেখ করার বিষয়ে সকলে একমত পোষণ করেন। | প্রকল্প প্রক্রিয়াকরণে মোট প্রাপ্ত প্রকল্পের ডিপিপি-এর মধ্যে কতগুলো প্রক্রিয়াকরণ করা হয়েছে তার শতকরা হার দিতে হবে। তাছাড়া আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ যথা সময় সম্পন্ন করতে হবে। | শিল্প ও শক্তি বিভাগ<br>পরিকল্পনা কমিশন, ঢাকা। |

৩.৩ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী ভৌত অবকাঠামো বিভাগের (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | ৯৮% | ৯৮% | সন্তোষজনক |
| | প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান | ১৩২টি | ৭০টি | |
| | অনুমোদিত প্রকল্প | ৮০টি | ৫০টি | |
| পিএসসি, পিআইসি, ডিপিইসি/ডিএসপিইসি, এডিপি পর্যালোচনা সভায় যোগদান | অংশগ্রহণকৃত সংখ্যা | ২১০টি | ১১০টি | |
| উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন | পরিবীক্ষণকৃত উন্নয়ন প্রকল্প | ৪০টি | ২১টি | |
| ক্রয়প্রস্তাব, ঋণচুক্তিসহ অন্যান্য বিষয়ে মতামত প্রদান | মতামত প্রদানের সংখ্যা | ৫৫টি | ৪৮টি | সন্তোষজনক |
| প্রকল্পের অনুকূলে অর্থ বরাদ্দ | এডিপি প্রস্তাব প্রেরণ | নির্ধারিত তারিখ | নির্ধারিত তারিখ | সন্তোষজনক |
| | আরএডিপি প্রস্তাব প্রেরণ | নির্ধারিত তারিখ | নির্ধারিত তারিখ | সন্তোষজনক |
| জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | সংসদে প্রশ্নোত্তর প্রেরণ | নির্ধারিত তারিখ | নির্ধারিত তারিখ | সন্তোষজনক |
| | জাতীয় সংসদে মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রদেয় ভাষণ/বাজেট বক্তৃতা/অর্থনৈতিক সমীক্ষা প্রতিবেদনের হালনাগাদ তথ্যাদি প্রেরণ | নির্ধারিত তারিখ | নির্ধারিত তারিখ | সন্তোষজনক |
| | পঞ্চবার্ষিক পরিকল্পনা/প্রেক্ষিত পরিকল্পনা/এমডিজির তথ্যাদি প্রেরণ | নির্ধারিত তারিখ | নির্ধারিত তারিখ | সন্তোষজনক |

(খ) ভৌত অবকাঠামো বিভাগঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ভৌত অবকাঠামো বিভাগের বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক, ২০১৫-১৬ এর অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। ভৌত অবকাঠামোর সকল কার্যক্রমই সন্তোষজনক। কিন্তু আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের কোন বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন পাওয়া যায়নি। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রতি লক্ষ্য রাখা প্রয়োজন। উক্ত উদ্দেশ্যসমূহ বাস্তবায়ন করতে হবে। | ভৌত অবকাঠামো বিভাগ<br>পরিকল্পনা কমিশন, ঢাকা। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৪ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী কার্যক্রম বিভাগের (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন ও হালনাগাদকরণ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত | ০৯-০৩-২০১৬ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রণয়ন ও হালনাগাদকরণের কাজ চলছে। এতদ্‌সংক্রান্ত নির্দেশনা ২১/১২/২০১৫ খ্রিঃ তারিখ জারী করা হয়েছে। | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) প্রণয়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত | ১৩-০৫-২০১৬ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) ২০১৬-১৭ যথাসময়ে সম্পন্ন করা হবে। | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা | অনুষ্ঠিত সভা | ০২টি | ২৫/০৯/২০১৫ তারিখ ১ম পর্যালোচনা সভা এবং ৩১-১২-১৫ তারিখ ২য় পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। | |
| প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃউপযোজন ও ব্যয়খাত সংযোজন। | প্রাপ্ত প্রস্তাবে শতকরা হার | ৯৫% | প্রকল্পের অনুকূলে এডিপিতে বরাদ্দকৃত অর্থের পুনঃ উপযোজন ও ব্যয়খাত সংযোজন করা হচ্ছে। | |
| আরএডিপিতে বরাদ্দের পুনর্বিন্যাস | প্রাপ্ত প্রস্তাবের শতকরা হার | ৯০% | আরএডিপিতে বরাদ্দের পুনর্বিন্যাস যথাসময়ে করা হবে। | |
| 'বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা' থোক, স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠানসমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান। | বরাদ্দ প্রদানের শতকরা হার | ১০০% | "বিশেষ প্রয়োজনে উন্নয়ন সহায়তা" থোক স্থানীয় সরকার/পার্বত্য চট্টগ্রাম প্রতিষ্ঠানসমূহের/বিশেষ এলাকা উন্নয়নের জন্য থোক বরাদ্দ প্রদান সেক্টর/বিভাগের প্রস্তাব অনুযায়ী করা হচ্ছে। | |
| বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের (BMC) ও (BWG) এবং MTBF ceiling নির্ধারণ সংক্রান্ত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপাক্ষিয় সভায় যোগদান ও মতামত প্রদান | সভায় যোগদানের শতকরা হার | ১০০% | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের (BMC) ও (BWG) এবং MTBF ceiling নির্ধারণ সংক্রানত অর্থ বিভাগে অনুষ্ঠিত ত্রিপাক্ষিয় সভায় যোগদান ও মতামত প্রদান করা হচ্ছে। | যোগদানকৃত সভার সংখ্যা উল্লেখ করতে হবে। |
| বিভিন্ন মন্ত্রণালয়ের পিইসি. ডিপিইসি, এসপিইসি, ডিএসপিইসি, প্রকল্প স্টিয়ারিং কমিটি, প্রকল্প বাস্তবায়ন কমিটি এবং এডিপি পর্যালোচনা সভায় যোগদান; | সভায় যোগদান | ১২০০টি | ৫০০টি | সভায় যোগদান আরও বৃদ্ধি করা প্রয়োজন। |
| উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন | প্রকল্প পরিদর্শন | ৫০ এর অধিক | উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হচ্ছে। | প্রকল্প পরিদর্শন রিপোর্ট পাওয়া যায়নি। |

(খ) কার্যক্রম বিভাগঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| কার্যক্রম বিভাগের বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা স্মারক, ২০১৫-১৬ এর অগ্রগতির ক্ষেত্রে আলোচনায় বলা হয় যে, অনেকগুলো কার্যক্রমের এখনও সময় হয়নি। তবে সভায় যোগদান এবং প্রকল্প পরিদর্শন এ দুটি ক্ষেত্রে বাস্তবায়নের সংখ্যা উল্লেখ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | সভায় যোগদান এবং প্রকল্প পরিদর্শনের ক্ষেত্রে সংখ্যাভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন করতে হবে। নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সমঝোতা স্মারকে উল্লেখিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহসহ অন্যান্য কার্যক্রমগুলো নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় অর্জন করতে হবে। | কার্যক্রম বিভাগ পরিকল্পনা কমিশন, ঢাকা। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৫ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী সাধারণ অর্থনীতি বিভাগ-এর (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১। ৭ম পঞ্চ বার্ষিক পরিকল্পনা অনুমোদন, প্রকাশনা এবং বিতরণ | জাতীয় অর্থনৈতিক পরিষদ কর্তৃক অনুমোদনের জন্য চূড়ান্ত খসড়া উপস্থাপিত | ৩০/০৯/১৫ | ২২/০৯/২০১৫খ্রিঃ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য প্রেরণ করা হয়। | সন্তোষজনক |
| | চূড়ান্ত দলিল মুদ্রিত | ৩১/১২/২০১৫ | ৩১/১২/১২০১৫ | সন্তোষজনক |
| | চূড়ান্ত দলিল বিতরণ | ১৫/০১/১৬ | ১৫/০১/১৬ | সন্তোষজনক |
| বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ প্রণয়ন | ব্যাকগ্রাউন্ড পেপার হিসেবে বেজলাইন সমীক্ষাসমূহ চূড়ান্তকৃত | ৩১/০৮/১৫ | নির্ধারিত ৩১/০৮/২০১৫ তারিখের মধ্যে বেজলাইন সমীক্ষাসমূহ সম্পন্ন হয়েছে। | সন্তোষজনক |
| | ভিশন, মিশন এবং কৌশল নির্ধারণ সম্পন্ন | ৩১/০৩/১৬ | কার্যক্রম চলমান রয়েছে। | |
| প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন | বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ থেকে তথ্য সংগ্রহ | ৩০/০৯/১৫ | ৯০% অগ্রগতি হয়েছে। | |
| | প্রেক্ষিত পরিকল্পনা সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট ও জাতীয় কমিটির সভা আয়োজন | ৩০/০৯/১৫ | ফোকাল পয়েন্টের সভা অনুষ্ঠিত হয়েছে। ১০০% অগ্রগতি। | |
| | প্রেক্ষিত পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন | ৩১/০৩/১৬ | খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। | সন্তোষজনক |
| ১.২। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রায় বাংলাদেশের অগ্রগতির সমাপ্তির প্রতিবেদন | বিভিন্ন মন্ত্রণালয় হতে তথ্য সংগ্রহ | ৩০/০৯/১৫ | ৩০/০৮/২০১৫ | সন্তোষজনক |
| | প্রণীত অগ্রগতি প্রতিবেদন | ৩১/০৩/১৬ | ০৬-০৯-২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রতিবেদনটি অনুমোদন লাভ করে। | সন্তোষজনক |
| | প্রকাশিত প্রতিবেদন বিতরণ | ৩১/০৩/১৬ | ১৬-০৯-২০১৫ তারিখে অনুমোদনকৃত প্রতিবেদনটি বিতরণ শুরু হয় এবং এখনো চলছে। | সন্তোষজনক |

(খ) সাধারণ অর্থনীতি বিভাগঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সাধারণ অর্থনীতি বিভাগের সাথে পরিকল্পনা বিভাগের বার্ষিক সমঝোতা স্মারক নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যুগ্ম-সচিব (প্রশাসন) বলেন যে, সাধারণ অর্থনীতি বিভাগ গত ২২/০৯/২০১৫ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপনের জন্য খসড়াটি প্রেরণ করে। যুগ্ম সচিব (প্রশাসন) আরও বলেন যে, জাতীয় অর্থনৈতিক পরিষদ কর্তৃক গত ২০/১০/২০১৫ তারিখে চূড়ান্ত খসড়া অনুমোদন করা হয়। সভাপতি বলেন যে, চূড়ান্ত খসড়ায় এনইসি ও একনেক সমন্বয় অনুবিভাগে যে তারিখে প্রেরণ করা হয়েছে এখানে এই তারিখই উল্লেখ করতে হবে। অনুমোদনের বিষয় এখানে উল্লেখ নেই বিধায় অনুমোদনের তারিখ দেওয়াটা যৌক্তিক হবে না। | ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা জাতীয় অর্থনৈতিক পরিষদে উপস্থাপন করার জন্য যে তারিখে প্রেরণ করা হয়েছে সেই তারিখ উল্লেখ করতে হবে। | সাধারণ অর্থনীতি বিভাগ<br>পরিকল্পনা কমিশন। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.৬ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ-এর (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| প্রকল্প প্রক্রিয়াকরণ মূল্যায়ন ও অনুমোদন | প্রক্রিয়াকৃত প্রকল্পের শতকরা হার | ৯০ | ৯৪.৪ | সন্তোষজনক |
| | পিইসি/এসপিইসি আয়োজন | ৯০ | ৯৯.৪ | সন্তোষজনক |
| | চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ | ৯৫ | ৯৮.৬ | সন্তোষজনক |
| প্রকল্প সম্পর্কিত বিভিন্ন সভা | অংশগ্রহণকৃত সভা (শতকরা) | ৯০ | ৯০ | সন্তোষজনক |
| সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | ৩ | - | |
| বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রণয়নে সহায়তা | বার্ষিক উন্নয়ন কর্মসূচী প্রকাশিত | ৭ | - | |
| জাতীয় সংসদ এবং মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি অবহিতকরণ | প্রশ্নোত্তর ও তথ্য প্রেরিত | ২ | ১০০% | সন্তোষজনক |
| জিইডি/পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন কর্তৃক প্রণয়াধীন বিভিন্ন পলিসি/রিপোর্ট প্রকাশে সেক্টরাল ইনপুট | মতামত প্রেরিত | ১৫ | ৯৭.৫ | সন্তোষজনক |
| বিভিন্ন বিভাগ/সংস্থা/মন্ত্রণালয় কর্তৃক রিপোর্ট/চুক্তি ইত্যাদির উপর মতামত প্রদান | মতামত প্রেরিত | ১৫ | ৯৭ | সন্তোষজনক |

(খ) আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ ও পরিকল্পনা বিভাগের সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারক, ২০১৫-১৬ এর বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে যুগ্ম-সচিব (প্রশাসন) বলেন যে, সকল ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক। আবার কোন কোন ক্ষেত্রে অগ্রগতির চিত্র অনেক ভাল। তবে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রতি লক্ষ্য রাখা প্রয়োজন। | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ সঠিক সময়ে ও মাত্রায় অর্জন করতে হবে। তাছাড়া বাস্তবায়ন অগ্রগতির চিত্রে শতকরা হার এর সাথে সাথে সংখ্যা উল্লেখ করতে হবে। | আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ<br><br>পরিকল্পনা কমিশন, ঢাকা। |

৩.৭ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| সমীক্ষা প্রবন্ধ | জার্নাল প্রকাশ | ৫ | ২ | |
| | রিসার্চ রিপোর্ট/রিসার্চ মনোগ্রাফ/সম্পাদিত বই/সমীক্ষা প্রতিবেদন, নিউজলেটার | ৮ | ৪ | সন্তোষজনক |
| | জাতীয় আন্তর্জাতিক জার্নাল/পত্রিকা/বইয়ে গবেষকদের প্রবন্ধ প্রকাশ | ৭ | ১০ | সন্তোষজনক |
| গবেষণালব্ধ ফলাফল প্রকাশের নিমিত্তে সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন | সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালার আয়োজন | ১১ | ৮ | সন্তোষজনক |
| সরকারি বিভিন্ন নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত প্রদান | নীতি নির্ধারণী কমিটিতে কৌশলগত বিশেষজ্ঞ মতামত | ৯৫% | ৯৫% | সন্তোষজনক |
| আর্থ-সামাজিক উন্নয়ন বিষয়ে পরিকল্পনা, নীতি ও কৌশল প্রণয়নের গবেষণা সহায়তা প্রদান এবং অনুসন্ধানী গবেষণা পরিচালনা | গবেষণা সমীক্ষা সম্পাদন | ২২ | ১৪ | সন্তোষজনক |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, বিআইডিএস – এর বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। কিন্তু জার্নাল প্রকাশ এর ক্ষেত্রে দেখা যায় যে, লক্ষ্যমাত্রা ৫টি হলেও এখন পর্যন্ত অর্জন ২টি। এ বিষয়ে তিনি বিআইডিএস এর প্রতিনিধির কাছে জানতে চাইলে প্রতিনিধি বলেন যে, আগামী মাসে একটি জার্নাল প্রকাশ করা হবে। | কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা যেন অর্জন করা সম্ভব হয় তা মনে রেখে কাজ করতে হবে। এছাড়া আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ও যথাসময় পালন করতে হবে। | বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান |

৩.৮ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি-এর (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| নিয়মিতভাবে প্রশিক্ষণ কর্মসূচী আয়োজন | প্রশিক্ষণ কোর্স বাস্তবায়িত | ৬০ | ০১টি ওয়ার্কশপ ও ৩৩টি প্রশিক্ষণ কোর্স | |
| | প্রশিক্ষিত কর্মকর্তা | ২৪০০ | ৫৬ জন প্রশিক্ষণার্থী ওয়ার্কশপে ও ১০৫৬ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেছে। | |
| প্রশিক্ষণ সহযোগিতা এবং পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক গবেষণা পরিচালনা | গবেষণা কার্যক্রম বাস্তবায়িত | ১৫ জুন, ২০১৬ | ০২টি গবেষণা কার্যক্রম চলমান। | |
| সমসাময়িক উন্নয়ন বিষয়ক প্রকাশনা | বার্ষিক জার্নাল প্রকাশিত | ১৫ জুন, ২০১৬ | আর্টিক্যাল সংগ্রহ হয়েছে এবং রিভিউয়ার নির্বাচন হয়েছে। চলমান। | |
| প্রশিক্ষণ সহায়ক সুবিধাদি প্রদান | নিরবচ্ছিন্ন প্রশিক্ষণ সুবিধা বাস্তবায়িত | ৮০ | ৮৫% | |
| | পরিচ্ছন্নতা বাস্তবায়িত | ৮০ | ৮৮.৩৬% | সন্তোষজনক |
| | সুষ্ঠু খাবার ব্যবস্থাপনা বাস্তবায়িত | ৮০ | ৮৯.১৬% | সন্তোষজনক |
| | লাইব্রেরি সুবিধা বাস্তবায়িত | ৯০ | ৮৬.০২% | সন্তোষজনক |
| | অডিওভিজ্যুয়াল সুবিধা বাস্তবায়িত | ৯০ | ৮৩.১৩% | সন্তোষজনক |
| কর্ম ব্যবস্থাপনা | জনবল নিয়োগ | ৭০ | ৭০% | |
| | কর্মকর্তা-কর্মচারীদের পদায়ন-পদোন্নতি | ৮০ | ৮০% | সন্তোষজনক |
| | আভ্যন্তরীণ প্রশিক্ষণ বাস্তবায়িত | ৯০ | ৪৬০ ঘণ্টা | |
| | বৈদেশিক প্রশিক্ষণ বাস্তবায়িত | ৭০ | ৩২৮০ ঘণ্টা | |
| | কর্মচারী কল্যাণ ও অবসর সুবিধা প্রদান | ৯৫ | ৯৫% | সন্তোষজনক |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

(খ) জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমিঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির সমঝোতা এর ডিসেম্বর/২০১৫ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। NAPD এর সমঝোতা স্মারকে উল্লিখিত কর্মব্যবস্থাপনা কার্যক্রমের অভ্যন্তরীণ প্রশিক্ষণ ও বৈদেশিক প্রশিক্ষণ কর্মসম্পাদন সূচকের একক হিসেবে জনঘণ্টাকে একক ধরা হয়েছে। কিন্তু বাস্তবায়নে মোটঘণ্টাকে দেখানো হয়েছে। এতে করে প্রকৃত অর্জন নিরূপনে সমস্যার সৃষ্ট হয়েছে। তাই জনপ্রতি কত ঘণ্টা প্রশিক্ষণ দেওয়া হয়েছে সেভাবে জন ঘণ্টা উল্লেখ করার প্রয়োজন। প্রশাসন এ বিষয়ে সঠিক পরামর্শ দিবে। | নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অর্জন যেন যথাসময়ে সম্ভব হয় সে দিকে লক্ষ্য রাখতে হবে। বাস্তবায়ন অগ্রগতিতে মোট ঘণ্টার স্থলে জন ঘণ্টা প্রদর্শন করতে হবে। এছাড়া আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের বাস্তবায়ন ত্বরান্বিত করতে হবে। | জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি |

৩.৯ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | ১৫ অক্টোবর, ২০১৫ | ১৩ অক্টোবর, ২০১৫ | সন্তোষজনক |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | ৫ | | |
| মাঠপর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত | ২৮ এপ্রিল, ২০১৬ | প্রযোজ্য নয় | |
| কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | ৬০ জনঘণ্টা | | |
| জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | ২৯ অক্টোবর, ২০১৫ | এনএপিডি এবং বিআইডিএস এর নৈতিকতা কমিটি গঠন করা আছে। | |
| | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | ১ ডিসেম্বর, ২০১৫ | | |
| তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | ১০০ | | |
| আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | ১৫ অক্টোবর, ২০১৫ | প্রকাশিত | সন্তোষজনক |
| দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | ০১ নভেম্বর, ২০১৫ | | |
| পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহে সিটিজেনস চার্টার প্রণয়ন | পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | ০১ নভেম্বর, ২০১৫ | এনএপিডি | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | ০১ নভেম্বর, ২০১৫ | কার্যক্রম বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, শিল্প ও শক্তি বিভাগ, এনএপিডি ও বিআইডিএস অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগ করেছে। আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ এবং কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ হতে এতদসংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। | |
| | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | ৯০% | | |
| সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | ০১ জুন, ২০১৬ | | |
| | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | ০১ জুন, ২০১৬ | | |
| বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | ৫ | | |
| অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | ৫০% | | |
| সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | ০১ জুন, ২০১৬ | | |
| | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | ০১ জুন, ২০১৬ | | |
| বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | ৫ | | |
| অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | ৫০% | | |

(খ) দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ নিয়ে সভার আলোচনা হয়। যুগ্ম-সচিব (প্রশাসন) বলেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ ১৫ নম্বরের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য দপ্তর/সংস্থার জন্য নির্ধারণ করে দেওয়া আছে। তাই উক্ত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ সঠিকভাবে ও যথাসময়ে অর্জনে ব্যর্থ হলে কাঙ্খিত নম্বর পাওয়া হতে বঞ্চিত হতে হবে। পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগের কৌশলগত উদ্দেশ্যের বাস্তবায়ন অগ্রগতি খুব ভাল নয়। তাই এ বিষয়ে দৃষ্টি দেওয়া প্রয়োজন। | কৌশলগত উদ্দেশ্যসমূহ নির্ধারিত মাত্রায়/সময়ে পালন করতে হবে। প্রতিমাসের ০৫(পাঁচ) তারিখের মধ্যে সমঝোতা স্মারক অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি এ বিভাগে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশনের সকল বিভাগ<br><br>এবং<br><br>এনএপিডি ও বিআইডিএস |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩.১০ (ক) সমঝোতা স্মারক অনুযায়ী পরিকল্পনা বিভাগের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের (ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতিঃ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (RADP) প্রণয়ন ও হালনাগাদকরণ | ১.১.১। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | ৩১/০৩/১৬ | সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশের কাজ যথাসময়ে সম্পন্ন করা হবে। | |
| ১.২। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP) প্রণয়ন | ১.২.১। বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকাশিত। | ২০/০৫/১৬ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি(ADP) যথাসময়ে সম্পন্ন করা হবে। | |
| ১.৩। বার্ষিক উন্নয়ন কর্মসূচি সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির পর্যালোচনা। | ১.৩.১। পর্যালোচনা সভা অনুষ্ঠান। | ০২ | ০২ | |
| ১.৪। ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুমোদন, প্রকাশনা এবং বিতরণ | ১.৪.১। জাতীয় অর্থনৈতিক পরিষদের অনুমোদনের জন্য চূড়ান্ত খসড়া উপস্থাপিত | ৩০/০৯/১৫ | ২০/১০/২০১৫ | বিলম্বের কারণ সাধারণ অর্থনীতি বিভাগ ব্যাখ্যা করতে পারে। |
| | ১.৪.২। চূড়ান্ত দলিল মুদ্রিত। | ৩১/১২/১৫ | ৩১/১২/২০১৫ | সন্তোষজনক |
| | ১.৪.৩। চূড়ান্ত দলিল বিতরণ | ১৫/০১/১৬ | ১৫/০১/২০১৬ | সন্তোষজনক |
| ১.৫। ডেল্টা প্ল্যান ২১০০ প্রণয়ন | ১.৫.১। চূড়ান্ত বেজলাইন সমীক্ষা | ৩১/০৮/১৫ | নির্ধারিত ৩১/০৮/২০১৫ তারিখের মধ্যে বেজলাইন সমীক্ষাসমূহ সম্পন্ন হয়েছে। | সন্তোষজনক |
| | ১.৫.২। ভিশন, মিশন এবং কৌশল নির্ধারণ সম্পন্ন | ৩১/০৩/১৬ | কার্যক্রম চলমান রয়েছে। | |
| ১.৬। প্রেক্ষিত পরিকল্পনা ২০১০-২০২১ বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন | ১.৬.১। প্রণীত অগ্রগতি প্রতিবেদন | ৩১/০৩/১৬ | খসড়া প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। | |
| ১.৭। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন সম্পর্কিত বাংলাদেশের অগ্রগতির প্রতিবেদন প্রণয়ন। | ১.৭.১। প্রণীত অগ্রগতি প্রতিবেদন | ৩১/০৩/১৬ | ০৬-০৯-২০১৫ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রতিবেদনটি অনুমোদন লাভ করে। | সন্তোষজনক |
| ২.১। প্রকল্প প্রক্রিয়াকরণ, মূল্যায়ন ও অনুমোদন। | ২.১.১। প্রক্রিয়াকরণকৃত প্রকল্প | ৯৫% | ৯৭.৮৫% | সন্তোষজনক |
| | ২.১.২। প্রকল্প মূল্যায়ন কমিটির সভা অনুষ্ঠান (PEC/SPEC) | ৪২০ | ২৬৩ | সন্তোষজনক |
| | ২.১.৩। অনুমোদিত প্রকল্প | ২০০ | ১০৮ | সন্তোষজনক |
| ২.২। পিএসসি , পিআইসি, এডিপি, ডিপিইসি/ডিএসপিইসি (PSC, PIC, ADP, DPEC/DSPEC) সভায় যোগদান | ২.২.১। অংশগ্রহণকৃত সভা | ৫২০ | ৫০০ | সন্তোষজনক |
| ৩.১। একনেক এনইসি সভায় সাচিবিক সহায়তা প্রদান। | ৩.১.১। এনইসি (NEC) সভা। | ০২ | ১ | |
| | ৩.১.২। একনেক (ECNEC) সভা | ২৮ | ১৬ | |
| | ৩.১.৩। এনইসি এর বর্ধিত সভা | ০২ | - | |
| ৩.২। সরকারি/বেসরকারি কর্মকর্তাবৃন্দের জন্য বিভিন্ন মেয়াদি পেশাগত প্রশিক্ষণ প্রদান | ৩.২.১। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা | ২৪০০ | ১০৫৬ জন | আরও বেশি বেশি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩.৩। সামাজিক ও অর্থনৈতিক উন্নয়ন গবেষণা কার্যক্রমে সহায়তা প্রদান | ৩.২.১। প্রকাশিত গবেষণা প্রতিবেদন | ৩৪ | ১৬ | |
| ৩.৪। আর্থসামাজিক বিষয়ের উপর গবেষণা, গবেষণালব্ধ জ্ঞান /ফলাফল প্রকাশ ও প্রচার | ৩.৪.১। দাখিলকৃত গবেষণা প্রতিবেদন | ৩৯ | ৬০ | |
| ৩.৫। উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন পরিদর্শন | ৩.৫.১। পরিবীক্ষণকৃত উন্নয়ন প্রকল্প | ৪০ | ২০ | |

(খ) পরিকল্পনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, ২০১৬-২০১৬ এর বাস্তবায়ন অগ্রগতিঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| যুগ্ম-সচিব (প্রশাসন) সভাকে অবগত করেন যে, পরিকল্পনা কমিশন ও NAPD ও BIDS এর বাস্তবায়ন অগ্রগতির উপর পরিকল্পনা বিভাগের বাস্তবায়ন অগ্রগতি নির্ভরশীল। তাই পরিকল্পনা বিভাগের বাস্তবায়ন অগ্রগতিও সন্তোষজনক। এ ছাড়া আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ নির্ধারিত সময়/মাত্রা অর্জিত হয়েছে। | সঠিক মাত্রায় যেন কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জিত হয় তা লক্ষ্য রাখতে হবে। এছাড়া আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ অর্জনে সচেষ্ট হতে হবে। | পরিকল্পনা বিভাগ। |

৫.০ জনবল : প্রশাসনিক

৫.১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেট):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্য পদ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| মন্ত্রণালয় | ৬৯১ (ক্যাডার পদের ১০% রিজার্ভ পদ সহ) | ৫১৩ | ১৭৮ |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৩০৬ | ২০৩ | ১০৩ |
| মোটঃ | ৯৯৭ | ৭১৬ | ২৮১ |

৫.২ শূন্য পদের বিন্যাসঃ

| বিভাগ/সংস্থা | অন্যান্য ১ম শ্রেণীর পদ | ২য় শ্রেণীর পদ | ৩য় শ্রেণীর পদ | ৪র্থ শ্রেণীর পদ | মোট |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| পরিকল্পনা বিভাগ | ৭১ | ৫৭ | ৪৪ | ০৬ | ১৭৮ |
| এনএপিডি | ০৪ | ০২ | ০৭ | ০২ | ১৫ |
| বিআইডিএস | ৫০ | ৭ | ২৮ | ৩ | ৮৮ |
| মোটঃ | **১২৫** | **৬৬** | **৭৯** | **১১** | **২৮১** |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫.৩ শূন্য পদ পূরণ সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| শূন্য জনবল পূরণের ক্ষেত্রে যুগ্মসচিব (প্রশাসন) বলেন ৩৪ তম বিসিএস এর কর্মকর্তা সত্বর যোগদান করবে। ২য় শ্রেণীর পদোন্নতির প্রস্তাব বর্তমানে পিএসসিতে আছে। এছাড়া ৩য় ও ৪র্থ শ্রেণীর নিয়োগ কার্যক্রম শীঘ্রই গ্রহণ করা হবে। | শূন্য পদে জনবল নিয়োগ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, এনএপিডি/বিআইডিএস<br><br>যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ |

৬.০ বিভাগীয় মামলাঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বিভাগ/শাখা/ সংস্থার নাম |
|---|---|---|
| শৃঙ্খলা জনিত ০১টি বিভাগীয় মামলা রয়েছে। | বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে। | প্রশাসন শাখা-২ পরিকল্পনা বিভাগ |

৭.০ পেনশন সংক্রান্ত তথ্যাদিঃ পরিকল্পনা বিভাগে কোন পেনশন কেইস অনিষ্পন্ন নেই।

৮.০ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত তথ্যাদিঃ

অত্র বিভাগে কোন অভিযোগ পাওয়া যায়নি। আওতাধীন সংস্থা হতেও অভিযোগ সংক্রান্ত তথ্য পাওয়া যায়নি।

৯.০ বিবিধঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (১) যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, কৃষি পানি, সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগের সমঝোতা স্মারক অনুযায়ী সকল কার্যক্রমেরই বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। তবে জাতীয় সংসদে প্রশ্নোত্তর প্রেরণের ক্ষেত্রে সময় কমানো গেলে ভাল হতো মর্মে তিনি সভাকে অবহিত করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় প্রধান (কার্যক্রম) বলেন যে, জাতীয় সংসদের প্রশ্নোত্তর এবং জাতীয় সংসদ বিষয়ে তথ্য আদান প্রদানের জন্য কাউন্সিল অফিসার রয়েছে। কাউন্সিল অফিসার তথ্য সংগ্রহ করে তা জাতীয় সংসদে প্রেরণ করতে পারে। সভাপতি বলেন কাউন্সিল অফিসারকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট দিতে হবে যাতে করে সে সংসদ এবং অফিসে দ্রুত যাতায়াত করতে পারে। এ বিষয়ে উপসচিব (সাধারণ-২) বলেন যে, তিনি ভূমি মন্ত্রণালয়ের এ দায়িত্ব পালন করেছেন। ফলে শুধু কাউন্সিল অফিসারকে দায়িত্ব না দিয়ে সেক্টর/ডিভিশন একটা নির্দিষ্ট পর্যায় হতে অনুমোদন নিয়ে তথ্য প্রেরণ করলে কাজ করতে সহজ হবে। যুগ্মসচিব (প্রশাসন) বলেন সেক্টর/ডিভিশন মন্ত্রী মহোদয়ের অনুমোদন নিয়ে তথ্যাদি এনইসি, একনেক ও সমন্বয় অনুবিভাগে প্রেরণ করে থাকে। পরবর্তীতে প্রাপ্ত তথ্যাদি Compile করে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে সংসদ সচিবালয়ে প্রেরণ করা হয়। সভাপতি বলেন কাউন্সিল অফিসারকে ৬ মাস/১ বছর পর পর রোটেশন করে বদলী করতে হবে। সেক্টর/ডিভিশনের একজন করে কর্মকর্তা মনোনয়ন করা যেতে পারে। | (১) (ক) কাউন্সিল অফিসারকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট দিতে হবে।<br>(খ) কাউন্সিল অফিসার পরিকল্পনা বিভাগ সম্পর্কিত প্রশ্নপত্র দ্রুত গ্রহণ করে তা সেক্টর ডিভিশন কে দিয়ে দিলে সেক্টর/ডিভিশন অনুমোদন সাপেক্ষে তা আবার কাউন্সিল অফিসার কাছে পৌছাবে। কাউন্সিল অফিসার তা সমন্বিত করে মাননীয় মন্ত্রীর অনুমোদনক্রমে জাতীয় সংসদে প্রেরণ করবে।<br>(গ) জাতীয় সংসদের প্রশ্নোত্তরের জন্য একজন করে কর্মকর্তা মনোনয়ন করতে হবে। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন এবং কাউন্সিল অফিসার পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৯.০ বিবিধঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (২) প্রধান (কার্যক্রম) সভায় বলেন যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি, পদায়ন, বদলী ইত্যাদি বিষয়বস্তু অন্তর্ভুক্ত থাকলে ভাল হতো। অতিরিক্ত সচিব বলেন মন্ত্রিপরিষদ বিভাগ শুধু সরাসরি জনগণের সাথে সম্পৃক্ত কর্মকান্ড APA অন্তর্ভূক্তির কথা বলেছে। আর পদোন্নতি, পদায়ন, ইত্যাদি স্ব স্ব বিভাগের অভ্যন্তরীণ বিষয় বলে মন্ত্রিপরিষদ APA তে উল্লেখ করেছে। সভাপতি বলেন APA মাত্র দু অর্থবছর ধরে শুরু হয়েছে। আরও কোন বিষয় এতে অন্তর্ভুক্ত থাকলে ভাল হবে তা অবশ্যই যথাযথ কর্তৃপক্ষ পর্যালোচেনা করে পরবর্তীতে অন্তর্ভুক্ত করবে। | (২) পরবর্তী বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি, পদায়ন, নিয়োগ ইত্যাদি কার্যক্রম অন্তর্ভূক্ত করা যায় কি না-তা বিশ্লেষণ করে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে আলোচনা সাপেক্ষে অন্তর্ভূক্ত করা যেতে পারে। | উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ |
| (৩) কর্মকর্তা/কর্মচারীদের ৬০ জনঘণ্টা প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। যুগ্মপ্রধান (শিল্প ও শক্তি) বলেন যে, পরিকল্পনা কমিশনে অনেক প্রকল্প রয়েছে। সেই সকল প্রকল্প এ ধরণের প্রশিক্ষণ দিতে পারে। যুগ্মসচিব (প্রশাসন) বলেন বর্তমান ব্যবস্থা অনুযায়ী কর্মকর্তা প্রশিক্ষণকাল প্রয়োজনীয় জনঘণ্টার কাছাকাছি হবে। এছাড়াও কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। তিনি উল্লেখ করে বলেন যে, SDGs কে কিভাবে APA তে অন্তর্ভুক্ত করা যায় সে বিষয়ে প্রত্যেক বিভাগকে নিয়ে GED এবং GIU এর সহায়তায় প্রশিক্ষণের ব্যবস্থা করার পরিকল্পনা রয়েছে। | (৩) কর্মকর্তা/কর্মচারীদের ৬০ জনঘণ্টা প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। SDGs কে কিভাবে APA তে অন্তর্ভুক্ত করা যায় এ বিষয়ে পৃথক পৃথকভাবে সেক্টর/ডিভিশনকে প্রশিক্ষণ দিতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন) পরিকল্পনা বিভাগ, ঢাকা। |
| (৪) সভাপতি SDGs এর বিষয়ে বিবিধ আলোচনায় বলেন যে, সকল মন্ত্রনালয় প্রকল্প প্রস্তাবে প্রকল্পটি SDGs-এর কোন কোন Goals এর সামঞ্জস্য রয়েছে তা উল্লেখ করে দিবে। পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশন উল্লেখিত SDGs এর Goals এর সাথে প্রকল্প প্রস্তাবের মিল আছে কি না-তা পরীক্ষাপূর্বক প্রকল্প অনুমোদন করতে পারে। | (৪) SDGs –এর Goals এর সাথে DPP মিল থাকলে প্রকল্প অনুমোদন করা যাবে। অন্যথায় নয়। | প্রধান (সকল) পরিকল্পনা কমিশন |
| (৫) পরিকল্পনা বিভাগের টেলিফোন গাইড বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি আগামী-১ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ মধ্যে সকল কর্মকর্তার নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর ইত্যাদি প্রেরণ (যারা এখনও দেয়নি) করতে অনুরোধ করেন। আগামী মাসের ১৫ তারিখের মধ্যে টেলিফোন গাইড প্রকাশ করার জন্য সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। | (৫) (ক) ১ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে যে সকল কর্মকর্তার ছবিসহ ঠিকানা প্রেরণ করেনি তারা তা প্রেরণ করবেন।<br><br>(খ) ১৫ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে টেলিফোন গাইড প্রণয়ন করতে হবে। | পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল কর্মকর্তা ও উপসচিব (সাধারণ-২) পরিকল্পনা বিভাগ, ঢাকা। |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৯.০ বিবিধঃ

| আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (৬) অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় সংক্ষিপ্ত আলোচনা হয়। যুগ্মসচিব (বাজেট) বলেন ত্রি-পক্ষীয় সভায় ৬টি অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। উপসচিব (পিটি) বলেন প্রকল্পের অডিট আপত্তিরও কিছু অগ্রগতি রয়েছে। | (৬) অনিষ্পন্ন অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনএপিডি ও বিআইডিএস ও যুগ্মসচিব (বাজেট) এবং উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ। |
| (৭)মন্ত্রিসভার নীতিগতভাবে অনুমোদিত এনএপিডি ও বিআইডিএস এর মাধ্যমে দুটি আইনে পরিণত করার পর এসআরও/ভেটিং এর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। | (৭) মন্ত্রিসভার নীতিগতভাবে অনুমোদিত এনএপিডি ও বিআইডিএস এর মাধ্যমে দুটি আইনে পরিণত করার লক্ষ্যে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং দ্রুত সময়ের মধ্যে তা করতে হবে। | মহাপরিচালক এনএপিডি ও বিআইডিএস এবং উপসচিব (পিটি) পরিকল্পনা বিভাগ। |

১০.০ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-৩১/০১/২০১৬ খ্রিঃ
(মোহাম্মদ সফিকুল আজম)
সচিব
পরিকল্পনা বিভাগ, ঢাকা।